

# যেই দিন আমি শহরের জন্য ঘর ছেড়ে গেলাম


Lesley Koyi, Ursula Nafula

Brian Wambi

Asma Afreen


Bengali

Level 3

storybookscanada.ca




আমার গ্রামের ছোট বাসস্টপটি মানুষ এবং অতিরিক্ত বোঝাই বাস দিয়ে ব্যস্ত হয়ে ছিল। মাটিতে আরও অনেক জিনিস ছিল যা বোঝাই করা বাকি ছিল। বাসের দালালরা তাদের বাসের গন্তব্যস্থানের নামগুলো চিৎকার করে বলছিল।




“শহর! শহর! পশ্চিমে যাই!” আমি একজন দালালকে চিৎকার করতে শুনলাম। ওই বাসটিই আমাকে ধরতে হবে।




শহরের বাসটি প্রায় পূর্ণ ছিল, কিন্তু তবুও আরও মানুষ ঠেলাঠেলি করে উঠার চেষ্টা করছিল। কিছু লোক বাসের নিচে তাদের মালপত্র রেখেছিল। অন্যরা ভিতরের তাকে মালপত্র রেখেছিল।



নতুন যাত্রীরা টিকেট মুঠো করে ভিড়ের মাঝে বাসে কোথাও বসার জন্য জায়গা খুঁজছিল। মহিলারা তাদের ছোট বাচ্চাদের দীর্ঘ যাত্রা আরামদায়ক করার চেষ্টা করছিল।



আমি একটি জানালার পাশে চাপাচাপি করে বসলাম। আমার পাশে বসা লোকটি একটি সবুজ প্লাস্টিকের থলে শক্ত করে ধরে ছিলেন। তিনি পুরনো স্যান্ডেল আর জীর্ণ কোট পরে ছিলেন এবং তাঁকে বিচলিত দেখাচ্ছিল।



আমি বাসের বাহিরে তাকিয়ে বুঝতে পেরেছিলাম যে আমি আমার গ্রাম ছেড়ে যাচ্ছি, যেখানে আমি বড় হয়েছি। আমি বড় শহরে যাচ্ছি।



মাল বোঝাই করা সম্পন্ন হল এবং সব যাত্রীরা সিটে বসল। ফেরিওয়ালারা তাদের সামগ্রী যাত্রীদের কাছে বিক্রি করার জন্য বাসে ঢুকতে তখনও ধাক্কা দিচ্ছিল। সবাই তাদের কাছে বিক্রির জন্য কি আছে তার নামগুলো চিৎকার করে বলছিল। শব্দগুলো আমার কাছে মজার শোনাচ্ছিল।




কিছু যাত্রী পানীয় কিনল, অন্যরা হালকা জলখাবার কিনল এবং চিবোতে শুরু করল। যাদের কাছে আমার মত কোনও টাকাপয়সা ছিলনা, তারা শুধু তাকিয়ে দেখল।



এই কার্যক্রমগুলো বাসের ভেঁপুর কারণে থেমে গেল, যার মানে ছিল যে বাস চলতে শুরু করবে। দালালরা চিৎকার দিয়ে ফেরিওয়ালাদের বের হতে বলল।



ফেরিওয়ালারা একে অপরকে ধাক্কা দিয়ে নিজেদের বের হবার জন্য রাস্তা করছিল। কেউ কেউ যাত্রীদের তাদের পাওনা টাকা ফেরত দিচ্ছিল। অন্যরা শেষ মুহূর্তে আরও কিছু সামগ্রী বিক্রি করার চেষ্টা চালাচ্ছিল।



বাস বাসস্টপ ছাড়ার সাথে সাথেই আমি জানালা দিয়ে বাহিরে তাকালাম। আমি ভাবছিলাম আমি কি কখনো আবার আমার গ্রামে ফিরে যাব।



যাত্রা কিছুদূর অগ্রসর হলে, বাসের ভিতরে অনেক গরম হয়ে গেল। ঘুমের আশায় আমি আমার চোখ বুজলাম।



কিন্তু ঘরের চিন্তা আমার মনকে পিছনে তাড়িয়ে নিল। আমার মা কি নিরাপদে থাকবেন? আমার খরগোশগুলো কি কোনও টাকা নিয়ে আসবে? আমার ভাই কি মনে করে আমার গাছের চারাগুলোকে পানি দিবে?



পথে, আমি আমার চাচা বড় শহরের কোন জায়গায় থাকেন তা স্মরণ করছিলাম। আমি ঘুমিয়ে পড়বার সময়ও তা বিড়বিড় করছিলাম।



নয় ঘণ্টা পর, জোরে জোরে ঠকঠকানোর শব্দে এবং গ্রামে ফেরত যাচ্ছে যাত্রীদের জন্য আহ্বান শুনে আমার ঘুম ভাঙল। আমি আমার ছোট ঝুলিটি আঁকড়ে ধরলাম এবং লাফিয়ে বাস থেকে বের হলাম।




ফেরত যাবার বাসটি খুব দ্রুত পূর্ণ হয়ে যাচ্ছিল। শীঘ্রই এটি আবার পূর্বের পথে পাড়ি দিবে। এখন আমার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল আমার চাচার বাড়ি খোঁজা শুরু করা।

# Storybooks Canada

storybookscanada.ca

## যেই দিন আমি শহরের জন্য ঘর ছেড়ে গেলাম

Written by: Lesley Koyi, Ursula Nafula
Illustrated by: Brian Wambi
Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.

This work is licensed under a Creative Commons Attribution 4.0 International License.